

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
বিশেষ আদেশ

তারিখ : ১৮ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/০৩ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধে কোভিড-১৯ নিরোধক টিকা আমদানি পরবর্তী  
সংরক্ষণ, বিপণন, পরিবহন, ডিস্ট্রিবিউশন এবং টিকাদান কর্মসূচীর ফি এর উপর মূল্য  
সংযোজন কর (উৎসে মূসক কর্তনসহ) হইতে অব্যাহতি প্রদান।

নং ০৩/মূসক/২০২১।—যেহেতু, বর্তমানে করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব  
প্রতিরোধে সরকার কর্তৃক নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে এবং বৈশ্বিক এই মহামারি  
মোকাবেলায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৪৪-আইন/২০২০/১০৫-মূসক, তারিখ :  
১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ মারফত করোনা প্রতিরোধক বিভিন্ন সামগ্রীর পাশাপাশি কোভিড-১৯ নিরোধক  
টিকার আমদানি, উৎপাদন ও ব্যবসায়ের ক্ষেত্রে অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষা ও দেশের করোনা মহামারি মোকাবিলায় সরকার বন্ধপরিষ্কার  
এবং কোভিড-১৯ টিকা এই দুর্যোগকালীন পরিস্থিতিতে জনস্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিবে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২  
সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বৈশ্বিক মহামারীর এই  
দুর্যোগকালীন সময়ে কোভিড-১৯ নিরোধক টিকা আমদানি পরবর্তী সংরক্ষণ, বিপণন, পরিবহন,

(৬৮৯৫)

মূল্য : টাকা ৪.০০

ডিস্ট্রিবিউশন এবং টিকাদান কর্মসূচীর ফি এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (উৎসে মূসক কর্তনসহ) হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (ক) কোভিড-১৯ নিরোধক টিকা শুধুমাত্র বাংলাদেশ সরকারকে সরবরাহের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;
- (খ) কোভিড-১৯ নিরোধক টিকা সরবরাহ বাবদ প্রাপ্ত অর্থের যাবতীয় হিসাব বিবরণী অর্থ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কমিশনারেটকে অবহিত করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন  
প্রথম সচিব (মূসক নীতি)।